# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২০

শ্রেণি : নবম

বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয় (রচনামূলক)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০


১। নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

১৯৭১ সালের মুক্তিযুদ্ধকালীন ভূমিকা


| 'ক' দেশ | 'খ' দেশ |
|---|---|
| শরণার্থীকে আশ্রয় | বিশ্ব বিবেককে জাগ্রত করা |
| মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ | সহানুভূতিশীল হওয়া |
| মুক্তিযোদ্ধাদের অস্ত্র সরবরাহ | মুক্তিযুদ্ধের পক্ষের প্রচারের প্রধান কেন্দ্র |

ক. মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন? ১
খ. মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'খ' দেশটিকে কোন দেশ হিসেবে চিহ্নিত করা যাবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর 'ক' দেশটি আমাদের স্বাধীনতা অর্জনের ক্ষেত্রে প্রত্যক্ষ ভূমিকা পালন করেছিল? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২।




চিত্র-১





চিত্র-২

ক. সৌরজগতের প্রাণকেন্দ্র কী? ১
খ. শুক্র গ্রহে এসিড বৃষ্টি হয় কেন? ২
গ. চিত্র-১ এ কোন ধরনের জোয়ারকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্র-১ ও চিত্র-২ উভয় স্থানেই কি জোয়ার-ভাটার কারণ কেবল চাঁদ ও সূর্য? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। সুমন প্রতি বছরের ন্যায় এবারও তার বন্ধুদের সাথে শিক্ষা সফরে গিয়ে একটি পাহাড়ি অঞ্চলে ঘুরতে যায়। সেখানে সে দেখতে পেল যে, চুনাপাথর ও কয়লাসহ নানারকম পদার্থ আহরণ করা হচ্ছে। সে সেখানে জানতে পারল যে, বঙ্গোপসাগরের তলদেশেও এ ধরনের সম্পদ রয়েছে যা পাওয়ার সম্ভাবনা রয়েছে।

ক. নাফ নদীর দৈর্ঘ্য কত কিলোমিটার? ১
খ. জলবিদ্যুৎ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বাংলাদেশের কোন ধরনের সম্পদের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সম্পদের মাধ্যমে বাংলাদেশ অর্থনৈতিকভাবে কতটুকু উন্নয়ন করতে পারে? মূল্যায়ন কর। ৪

৪। চিত্রটি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :




চিত্র : বাংলাদেশের কেন্দ্রীয় প্রশাসন

ক. গণতান্ত্রিক ব্যবস্থায় সরকারি দলের নেতা কে? ১
খ. রাষ্ট্রপতির জরুরি ক্ষমতা বলতে কী বোঝায়? ২
গ. চিত্রে (O) চিহ্নিত স্থানটি বাংলাদেশ প্রশাসন ব্যবস্থার কোনটিকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্রে A ও B ব্যক্তি একে অপরের ওপর নির্ভরশীল ও আস্থাভাজন— যুক্তি দিয়ে মূল্যায়ন কর। ৪

৫। জনাব সোহান চৌধুরী একটি স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চেয়ারম্যান। ৬ জুলাই ২০০০ সালে বাংলাদেশ সরকারের একটি আইন প্রবর্তনের মাধ্যমে এই প্রতিষ্ঠান গড়ে ওঠে। তার মেয়াদকাল ৫ বছরের মধ্যে তিনি এলাকায় ব্রিজ, কালভার্ট নির্মাণসহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত নেন।

ক. জেলা প্রশাসন বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর কোন স্তরভুক্ত? ১
খ. শাসন বিভাগের ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত জনাব সোহান চৌধুরী কোন প্রতিষ্ঠানের চেয়ারম্যান? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কাজগুলো উক্ত প্রতিষ্ঠানের একমাত্র কাজ বলে মনে কর কি? যুক্তি দিয়ে বিশ্লেষণ কর। ৪

৬। সাতক্ষীরার আলম বাবার সাথে বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে বেড়াতে গেল। সেখানে সে দেশের সর্বোচ্চ পাহাড়সহ অনেক পাহাড় দেখল। সে খেয়াল করল তাদের এলাকায় জোয়ারের স্যাঁতস্যাঁতে লোনা পানিতে বনভূমি গড়ে উঠলেও এখানে উঁচু পাহাড়ের উপরেই সবুজ বনভূমি গড়ে উঠেছে।

ক. পৃথিবীর অন্যতম বৃহৎ বদ্বীপ কোনটি? ১
খ. বাংলাদেশের সীমানা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলমের বেড়াতে যাওয়ার স্থানটি বাংলাদেশের কোন ভূ-প্রাকৃতিক অঞ্চলে অবস্থিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে উল্লিখিত দুটো স্থানের বনভূমি ভিন্ন বৈশিষ্ট্যের? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭। নিবিড় তার বই-খাতা, ক্যালকুলেটর, ব্যাগ, কলম-পেন্সিল এমনভাবে ব্যবহার করে যাতে নষ্ট না হয়। কিন্তু স্কুলে খাবার পানির কল খোলা দেখলেও বন্ধ না করে হেঁটে চলে যায়। অন্যদিকে তার বন্ধু রাফি নিজের বাসায়ও যেমন অপ্রয়োজনীয় বিদ্যুৎ খরচ করে না তেমন বিদ্যালয়ে অযথা ফ্যান চলতে দেখলে তা বন্ধ করে দেয়। তাছাড়া কোথাও কিছু নষ্ট হতে দেখলে কর্তৃপক্ষকে জানায়।

ক. ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় মুনাফা কে গ্রহণ করে? ১
খ. ভোগ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন ধরনের সম্পদের কথা ব্যক্ত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সম্পদের সংরক্ষণে রাফির গৃহীত উদ্যোগ কি যথেষ্ট? যুক্তি দাও। ৪

৮। নিম্নে দু'টি আর্থিক প্রতিষ্ঠানের কার্যাবলি উল্লেখ করা হলো :

| আর্থিক প্রতিষ্ঠান | কার্যাবলি |
|---|---|
| ১নং আর্থিক প্রতিষ্ঠান | (i) আমানত গ্রহণ<br>(ii) ঋণদান<br>(iii) অর্থ স্থানান্তর |
| ২নং আর্থিক প্রতিষ্ঠান | (i) নিকাশ ঘর<br>(ii) ঋণ নিয়ন্ত্রণ<br>(iii) বৈদেশিক মুদ্রা সংরক্ষণ |

ক. বাংলাদেশ সরকারের আয়ের প্রধান উৎস কোনটি? ১
খ. মূল্য সংযোজন কর (VAT) বলতে কী বোঝায়? ২
গ. ২নং আর্থিক প্রতিষ্ঠানটি কোন ধরনের প্রতিষ্ঠানকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ১ ও ২নং আর্থিক প্রতিষ্ঠানের কার্যাবলির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৯। এবারের ঈদ-উল-আযহার তিন দিন পর খবরের কাগজের একটি সংবাদ দেখে দশম শ্রেণির ছাত্র নিরব শিহরে ওঠে। খবরটি ছিল, 'একটি ট্রাকের সাথে একটি মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে একই পরিবারের ৬জন নিহত।' এ বিষয়ে তার বাবার সাথে আলোচনাকালে তার বাবা বলেন, 'বর্তমানে এটি আমাদের একটি প্রধান সামাজিক সমস্যা। এই সমস্যা সমাধানে পদক্ষেপ গ্রহণই যথেষ্ট নয়, নিরাপদ চলাচলের জন্য আমাদেরও কিছু করণীয় রয়েছে।'

ক. গণসচেতনতা গড়ে তোলার কার্যকর হাতিয়ার কী? ১
খ. জঙ্গিবাদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত সামাজিক সমস্যার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি নিরবের বাবার বক্তব্যের সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০। এক গ্রামের দুই বন্ধুর কথোপকথন :

রাজীন : কি রাকেশ! স্ত্রী নিয়ে কোথায় গিয়েছিলে?
রাকেশ : কম্পিউটার কিনলাম এবং গ্রামের নারীদের নিয়ে আমার স্ত্রী যে মৎস্য খামার করেছে তার জন্য খাবার কিনলাম।
রাজীন : ভালোই তো আছো মনে হয়! এখন তো তোমরা সবাই ট্রাক্টরে জমি চাষ কর, উন্নত বীজ পাও।
রাকেশ : শুধু কি তাই! দুজনে মিলে ছেলেমেয়েদের কলেজে পড়াচ্ছি।

ক. 'সামাজিক পরিবর্তন হচ্ছে সামাজিক সংগঠনের মধ্যকার পরিবর্তন'— কে বলেছেন? ১
খ. শিল্পায়ন কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের গ্রামটিতে সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে কোন উপাদানটি কার্যকর? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে নারীর ভূমিকার পরিবর্তন সমাজ জীবনে কী প্রভাব ফেলেছে? মূল্যায়ন কর। ৪

১১। চতুর্থ শ্রেণির ছাত্রী প্রাবিতা তার বাবা মায়ের সাথে ঢাকায় থাকে। তার পিতা সরকারি কর্মকর্তা এবং মা গৃহিণী। প্রতিদিনের মতো প্রাবিতার মা স্কুল ছুটি শেষে তাকে আনার জন্য স্কুলে গিয়ে দেখলেন প্রাবিতা বান্ধবীর সাথে খেলা করছে। মা তখন বললেন, প্রাবিতা দ্রুত খেলা শেষ কর। তোমার ছোট ভাই অহন একা বাসায়।

ক. শিশুর সামাজিকীকরণের আনুষ্ঠানিক মাধ্যম কোনটি? ১
খ. 'পরিবার ছিল এক সময়ে ধর্ম শিক্ষার প্রাণকেন্দ্র'— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত প্রাবিতার পরিবারকে কোন ধরনের পরিবার বলা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. এ ধরনের পরিবার কেবল শহরেই দেখা যায়, গ্রামে নয়— এ বক্তব্যের সাথে তুমি কি একমত? যুক্তি দিয়ে বিশ্লেষণ কর। ৪